# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK

## আইসিটি বিভাগ

তারিখ: ২৭-০৪-২০২৩

**বিষয়ঃ উদ্ভাবনী ধারনা-Easy Balancing ও AVUB Archival System এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব পারভীন আকতার মহোদয়ের সভাপতিত্বে ২৭-০৪-২০২৩ তারিখ বিকাল ২:৩০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত দু'টি উদ্ভাবনী ধারনা Easy Balancing এবং AVUB Archival System এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রথম পর্যায়ে Easy Balancing ধারনাটির পাইলটিং পরবর্তী মূল্যায়নে অত্র ব্যাংকের ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দ, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, কেন্দ্রীয় হিসাব বিভাগ ও ঋণ আদায় বিভাগ এর বিভাগ প্রধানগণের পাশাপাশি অনলাইন প্ল্যাটফর্ম Zoom এর মাধ্যমে উপস্থিত ছিলেন কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও কুষ্টিয়া অঞ্চলের আওতাধীন মেহেরপুর, মহেশপুর, মিরপুর, কুমারখালী, ভেড়ামারা, কালীগঞ্জ শাখার ব্যবস্থাপকবৃন্দ। বর্ণিত সভায় দ্বিতীয় পর্যায়ে AVUB Archival System ধারনাটির পাইলটিং পরবর্তী মূল্যায়নে ইনোভেশন কমিটির সকল সদস্যবৃন্দের পাশাপাশি বর্নিত বিভাগ প্রধানগণ উপস্থিত ছিলেন।

২। ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে Easy Balancing এবং AVUB Archival System ধারনাসমূহের পাইলটিং পরবর্তী বর্তমান অবস্থা তুলে ধরেন যথাক্রমে ইনোভেশন কমিটির সদস্য-সচিব জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব (৬০৯), প্রোগ্রামার, আইসিটি বিভাগ এবং ইনোভেশন কমিটির সদস্য জনাব মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ। তৎপ্রেক্ষিতে অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্য ব্যাংকের মধ্যকার বিশদ আলোচনা-পর্যালোচনার পরিপ্রেক্ষিতে ধারণাসমূহ মূল্যায়িত হয় এবং সর্বসম্মতিক্রমে একাধিক সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>উদ্ভাবনী ধারনা-Easy Balancing এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন ও সিদ্ধান্ত</u>**

**অনুষ্ঠিত আলোচনাঃ** উদ্ভাবনী ধারনা-Easy Balancing এর পাইলটিং পরবর্তী মূল্যায়নে উপস্থিত সকল সদস্যবৃন্দ এইমর্মে একমত পোষণ করেন যে, আইডিয়াটি ব্যাংকের দাপ্তরিক কাজে খুবই সহায়ক হবে। বিশেষ করে সকল শাখায় ঋণ ও আমানতের ব্যালেন্সিং সহজে করা যাবে, সকল শাখা একটি Common পদ্ধতিতে ব্যালেন্সিং করতে পারবে, সকল ব্যালান্সিং রিপোর্ট ডাউনলোড ও প্রিন্ট করা যাবে যা ড্রাইভে ও ফাইলে সংরক্ষণ করা যাবে ফলে ব্যালেন্সিং রেজিস্টারের বিকল্প তৈরী হবে। এই পদ্ধতিতে তাৎক্ষনিক অ্যাকাউন্টের হাল ব্যালেন্স জানা যাবে। এছাড়াও প্রধান কার্যালয় হতে ব্যাংকের নির্বাহীবৃন্দ ও আঞ্চলিক কার্যালয় হতে আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখাসমূহকে মনিটরিং করতে সমর্থ হবেন। সর্বোপরি, এ পদ্ধতিতে প্রতিদিনের ব্যালেন্সিং প্রতিদিন করা যাবে বিধায় কর্মঘন্টা/সময় ও অর্থের অপচয় রোধ করা যাবে। বর্ণিত Easy Balancing সফটওয়্যারটি ডেস্কটপ/ল্যাপটপ/স্মার্ট ফোন এর মাধ্যমে যেকোনো সময় যেকোনো স্থান হতে ব্যবহার করা যাবে। তথ্যের নিরাপত্তার স্বার্থে এখানে রোল বেইজড্ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবস্থা সংযোজন করা হয়েছে। কুষ্টিয়া অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও কুষ্টিয়া অঞ্চলের আওতাধীন মেহেরপুর, মহেশপুর, মিরপুর, কুমারখালী, ভেড়ামারা, কালীগঞ্জ শাখার ব্যবস্থাপকবৃন্দের চাহিদা মোতাবেক Account Opening Form এ Laser Folio No. ও ৬ (ছয়) এর পরিবর্তে ৮(আট) সংখ্যার Account No. এবং Report Module এ সকল Loans and Deposits Product Summary at a glance (Top Sheet) সংযোজন করার জন্য জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব (৬০৯), প্রোগ্রামার, আইসিটি বিভাগকে মৌখিক নির্দেশনা প্রদান করা হয়।




**চিত্রঃ উদ্ভাবনী ধারনা-Easy Balancing এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভা**

**গৃহীত সিদ্ধান্তঃ** যথাযথভাবে, পাইলটিং পূর্বক মূল্যায়ন শেষে এটি ব্যাংকের সকল নন-সিবিএস শাখা সমূহ, আঞ্চলিক ব্যবস্থাপক ও ব্যাংকের নির্বাহীবৃন্দের ব্যবহারের জন্য উন্মুক্ত করার বিষয়ে সুপারিশ করা হলো।

চলমান পাতা-২

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK



**উদ্ভাবনী ধারনা-AVUB Archival System এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন ও সিদ্ধান্ত**

**অনুষ্ঠিত আলোচনাঃ** উদ্ভাবনী ধারনা- AVUB Archival System এর পাইলটিং পরবর্তী মূল্যায়নে উপস্থিত সকল সদস্যবৃন্দ এইমর্মে একমত পোষণ করেন যে, আইডিয়াটি ব্যাংকের সকল স্তরের দাপ্তরিক কাজে খুবই সহায়ক হবে। বিশেষ করে মাঠ পর্যায়ে দাপ্তরিক কাজ সম্পাদনে গুরুত্বপুর্ণ ভূমিকা রাখবে বলে মূল্যায়ন করা হয়। বর্নিত Archival System এ সংযোজিত তথ্যসমূহ মহাবিভাগ, বিভাগ, তারিখভিত্তিক সন্নিবেশিত করায় খুব সহজেই চাহিত তথ্য খুঁজে পাওয়া যাবে। এছাড়াও প্রাপ্ত তথ্য তাৎক্ষণিকভাবে পিডিএফ আকারে ডাউনলোড এবং প্রিন্ট করার সুযোগ রয়েছে। বর্ণিত AVUB Archival System সফট্ওয়্যারটি ডেক্সটপ/ল্যাপটপ/স্মার্ট ফোন এর মাধ্যমে যেকোনো সময় যেকোনো স্থান হতে ব্যবহার করা যাবে। তথ্যের নিরাপত্তার স্বার্থে এখানে রোল বেইজড় ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবস্থা সংযোজন করা হয়েছে। সুতরাং ব্যাংকের সকল স্তরের কর্মকর্তাবৃন্দ যথাযথভাবে উক্ত সফট্ওয়্যারে রেজিষ্ট্রেশনপূর্বক প্রাপ্ত আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে সফট্ওয়্যারটি ব্যবহার করতে পারবেন।



**চিত্রঃ উদ্ভাবনী ধারনা- AVUB Archival System এর পাইলটিং পরবর্তী মূল্যায়ন সভা**

**গৃহীত সিদ্ধান্তঃ** যথাযথভাবে, পাইলটিং পূর্বক মূল্যায়ন শেষে এটি ব্যাংকের সকল পর্যায়ের কর্মকার্তাদের ব্যবহারের জন্য উন্মুক্ত করার বিষয়ে সুপারিশ করা হলো।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সাজ্জাদ হোসেইন তামিম
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

জেড. এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
অপারেশন,নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

পারভীন আকতার
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার